

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

**মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য:**

প্রতিবেদন প্রস্তুতের তারিখঃ ১৬.১১.২০২১ খ্রিঃ

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি/নির্দেশনা প্রদানের তারিখ ও স্থান	বাস্তবায়িত (সংখ্যা)	বাস্তবায়নাধীন (সংখ্যা)	প্রতিশ্রুতি নির্দেশনা বাস্তবায়নের গৃহীত ব্যবস্থার হালনাগাদ অগ্রগতি
<b>প্রতিশ্রুতি :</b> শিশুদের খেলাধুলার জন্য ধরলা সেতুর পাড়ে একটি শিশু পার্ক তৈরী করা হবে।	কুড়িগ্রাম সরকারি কলেজ মাঠ  ১৫ অক্টোবর, ২০১৫	০১(এক)টি	-	<b>প্রতিশ্রুতি টি বাস্তবায়িত।</b>  বর্ণিত প্রতিশ্রুতিটি এ মন্ত্রণালয়ের তালিকা হতে বাদ দিয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রতিশ্রুতির তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য গত ১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ৩২.০০.০০০০.০২১. ১৬.০৩১.১৮-৩৫২ নং স্মারকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-৩ কে পত্র দেয়া হয়েছে।
<b>প্রতিশ্রুতি :</b> ঠাকুরগাঁও জেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ।	ঠাকুরগাঁও জেলা সফরকালে প্রদত্ত প্রতিশ্রুতি  ২৯ মার্চ, ২০১৮	০১(এক)টি	-	মাননীয় প্রধানমন্ত্রী গত ২৯ মার্চ, ২০১৮ খ্রি: তারিখে ঠাকুরগাঁও জেলা সফরকালে এ জেলায় মহিলাদের জন্য একটি কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণের সদয় প্রতিশ্রুতি জ্ঞাপন করেন। এ উপলক্ষে “জেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের কমপ্লেক্স ভবন নির্মাণ” প্রকল্পের অধিনে ঠাকুরগাঁও জেলায় ৬তলা বিশিষ্ট একটি কমপ্লেক্স ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ডিপিপি প্রনয়ন পূর্বক ২২/০২/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। গত ২৫/০৮/২০২১ তারিখে অর্থ মন্ত্রণালয়ে জনবল যাচাই-বাছাই সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কমপ্লেক্স ভবনে ৫০জন বোর্ডারের সুবিধা সম্বলিত কর্মজীবী মহিলা হোস্টেলের সংস্থান রয়েছে।
<b>প্রতিশ্রুতি :</b> বিভাগীয় ও জেলা পর্যায়ে সরকারি অফিসমূহে পর্যায়ক্রমে ডে-কেয়ার সেন্টার স্থাপন	নবম জাতীয় সংসদ-২০০৯  ২৫ নভেম্বর, ২০০৯	-	০১(এক)টি	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তরের ৬৪টি, জাতীয় মহিলা সংস্থার ১৬টি ও বাংলাদেশ শিশু একাডেমির ৪০টি সহ সর্বমোট ১২০টি ডে-কেয়ার সেন্টারের কার্যক্রম চালু রয়েছে। এর মধ্যে দেশের বিভাগীয় ও জেলা পর্যায়ে সরকারী অফিসে নিম্নোক্ত ১১টি ডে-কেয়ার সেন্টার চালু রয়েছে :-  ১. মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রধান কার্যালয় ভবন, ২. বাংলাদেশ সচিবালয়; ৩. প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (প্রধানমন্ত্রীর কার্যালয় সংলগ্ন সরকারী ভবনে); ৪. নির্বাচন কমিশন ভবন, ঢাকা;

৫

				<p>৫. পরিকল্পনা কমিশন, ঢাকা;</p> <p>৬. রাজারবাগ পুলিশ লাইনস, ঢাকা;</p> <p>৭. হিসাব ভবন, এজিবি, সেগুন বাগিচা, ঢাকা;</p> <p>৮. মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়, মোহাম্মদপুর, ঢাকা;</p> <p>৯. উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা;</p> <p>১০. পীতিলতা কর্মজীবী মহিলা হোস্টেল, কালীগঞ্জ, গাজীপুর;</p> <p>১১. জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা।</p> <p>মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক দেশের সকল বিভাগীয় শহর ও জেলা পর্যায়ের সরকারি অফিসসমূহে পর্যায়ক্রমে ডে-কেয়ার সেন্টার চালুর পরিকল্পনা রয়েছে।</p>
<p><u>নির্দেশনা :</u></p> <p>মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা</p>	<p>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ</p> <p>১০ জুলাই, ২০১৪</p>	১০(দশ)টি	-	<p>মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে গত ১০ জুলাই, ২০১৪ খ্রি: তারিখে ১০টি নির্দেশনা দিয়েছেন। নির্দেশনাসমূহ ইতোপূর্বে বাস্তবায়িত হয়েছে।</p>

